

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মানুষের মতো জীনদেরও জান্নাত-জাহান্নাম আছে? কিন্তু আগুনের তৈরি জীন আগুনে শাস্তি পাবে কীভাবে?

মানুষের মতো জীনেরাও জাহান্নামে যাবে। মহান আল্লাহ বলেন, "আমাদের কতক আত্মসমর্পণকারী (মুসলিম) এবং কতক সীমালজ্যনকারী; সুতরাং যারা আত্মসমর্পণ করে (মুসলমান হয়), তাঁরা নিঃসন্দেহে সত্য পথ বেছে নেয়। অপরপক্ষে সীমালজ্যনকারীরা তো জাহান্নামেরই ইন্ধন।"(জীনঃ ১৪-১৫)

তারা আগুন থেকে সৃষ্টি হলেও পরকালে আগুন দ্বারা শাস্তি ও কষ্ট পাবে। কারণ জাহান্নামের আগুন দুনিয়ার আগুন অপেক্ষা সত্তর গুণ তেজবিশিষ্ট। অথবা তাদের জন্য থাকবে পৃথক আগুনের ব্যবস্থা।

মানুষ মাটির তৈরি হয়েও যেমন মাটির আঘাতে কষ্ট পায়, তেমনি জীনও আগুনের তৈরি হয়ে আগুনের দহনে কষ্ট পাবে।

ফুটনোট

২৪ (ইবনে জিবরীন)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=22

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন